



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dsheets.gov.bd](http://www.dsheets.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.১৮/১১৭/৬

তারিখ: ১৬০২/২০২০ খ্রি:

বিষয় : ১. রীট পিটিশন নং-১৫৩৭৯/২০১৬ এর রায় মোতাবেক নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন চৌধুরী চাঁন মোহাম্মদ মহিলা ডিগ্রী কলেজের জনাব মোঃ আব্দুল হালিম, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) এর এমপিওভুক্তকরণ।

সূত্র (১) রীট পিটিশন নং ১৫৩৭৯/২০১৬ এর রায়;

(২) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.১৮.২৬৪১(৭) তারিখ : ১১.০৭.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন চৌধুরী চাঁন মোহাম্মদ মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মোঃ আব্দুল হালিম ১২/১০/২০১৪ তারিখে উচ্চ মাধ্যমিক স্তরে শূন্যপদে যোগদান করেন। তার এমপিওভুক্তির কার্যক্রম চলমান থাকা অবস্থায় জনাব মো. জিয়াউর রহমান, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে NTRCA কর্তৃক নিয়োগ ও যোগদানের আদেশ পেয়ে ০১/১১/২০১৬ তারিখে যোগদান করেন। জনাব মোঃ আব্দুল হালিম এমপিওভুক্তির জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ১৫৩৭৯/২০১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে নিয়োগকৃত প্রভাষক জনাব মোঃ জিয়াউর রহমানকে ৯নং বিবাদী করা হয়। মহামান্য আদালত রুল নিষ্পত্তি রায় প্রদান করেন। রায়ের আলোকে জনাব মোঃ আব্দুল হালিমকে এমপিওভুক্ত করার জন্য মাউশি অধিদপ্তর থেকে স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৩১.১৮.২৬৪১(৭) তারিখ : ১১.০৭.২০১৯ খ্রি. মোতাবেক পত্র দেয়া হয়। জনাব মোঃ জিয়াউর রহমান, প্রভাষক(রাষ্ট্রবিজ্ঞান) রিট পিটিশনের রায়ের বিষয়ে রিভিউ পিটিশন নং ৫০৮/২০১৮ দায়ের করেন এবং রিভিউ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এমপিও কার্যক্রম বন্ধ রাখার জন্য গত ২১/০৭/২০১৯ খ্রি. তারিখে মাউশিতে আবেদন করেন। মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ৫০৮/২০১৮ নং রিভিউ পিটিশনটি বিগত ২১/১১/২০১৯ খ্রি. তারিখে খারিজ হয়।

**আইন উপদেষ্টার মতামত :** মহামান্য হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ অনুসারে পিটিশনার জনাব মোঃ আব্দুল হালিম, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান কে জনবল কাঠামো অনুসারে এমপিওভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা উচিত।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত ১৫৩৭৯/২০১৬ এর রায়ের আলোকে নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন চৌধুরী চাঁন মোহাম্মদ মহিলা ডিগ্রী কলেজের জনাব মোঃ আব্দুল হালিম, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) এর নিয়োগ প্রক্রিয়া যথাযথ থাকলে বিধি মোতাবেক এমপিওভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ACW/১৬  
16.2.2020

(মোঃ আব্দুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭  
Email-ncollege@ dsheets.gov.bd

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

রাজশাহী অঞ্চল, রাজশাহী।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, চৌধুরী চাঁন মোহাম্মদ মহিলা ডিগ্রী কলেজ, সাপাহার, নওগাঁ।
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, নওগাঁ।
- ৪। অধ্যক্ষ, চৌধুরী চাঁন মোহাম্মদ মহিলা ডিগ্রী কলেজ, সাপাহার, নওগাঁ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাপাহার, নওগাঁ।
- ৬। সংরক্ষণ নথি।